বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

# মাঠচিত্র

১১৮

BEES NEWSLETTER

জুলাই ২০২৪

প্রধান পৃষ্ঠপোষকঃ
**সাইফুল ইসলাম (রবিন)**
প্রতিষ্ঠাতা ও ইভিসি, বিজ

সম্পাদকঃ
**ইকবাল আহাম্মদ**
নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদকঃ
**কাবেরী সুলতানা**
উপ-পরিচালক (রিসার্চ , ডকুমেন্টেশন এন্ড পাবলিকেশন), বিজ

সহকারী সম্পাদকঃ
**রাকিব হাসান**
সিনিয়র ডকুমেন্টেশন অফিসার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্সঃ
**নূর ফাতিহা তাহিয়াত**
সিনিয়র ম্যানেজার (রিসার্চ), বিজ




## সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এ সংখ্যায় বিজ এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বদ্ধপরিকর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকান্ডের সেসব নিবন্ধ মাঠচিত্রের এ সংখ্যায় প্রকাশিত হল।


(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদকবৃন্দ দায়ী নন।)

ইকবাল আহাম্মদ
**নির্বাহী পরিচালক, বিজ**

## ভিতরে যা যা থাকছে

- ☑ বিজ এর ১২ টি নতুন শাখা অফিস উদ্বোধন
- ☑ ধুনটে দুস্থদের মাঝে বিজ এর ঈদ সামগ্রী বিতরণ
- ☑ বিশ্ব পরিবেশ দিবস-২০২৪ উদযাপন
- ☑ পলাশবাড়ীতে ফলদ চারা ও সবজি বীজ বিতরণ
- ☑ বিজ এর কৈশোর কর্মসূচির আওতায় ফুটবল টুর্নামেন্ট
- ☑ শান্তিগঞ্জে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী পরিবারের মাঝে বিজ এর খাদ্যসামগ্রী বিতরণ
- ☑ বিজ কৈশোর কর্মসূচির আওতায় বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপন
- ☑ গাজীপুরে বিজ এর উদ্যোগে ফলদ চারা ও সবজি বীজ বিতরণ
- ☑ ইশরাত জাহান ও তার স্বামীর ঘুরে দাড়ানোর গল্প
- ☑ গোপালগঞ্জে বিজ এর কৈশোর কর্মসূচির আওতায় সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত
- ☑ নয়নশ্রীতে বিজ এর স্বাস্থ্য ক্যাম্পে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান
- ☑ বিজ এর প্রশিক্ষণ চিত্র
- ☑ মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

# Working Areas of BEES



# বিজ এর ৮ টি নতুন শাখা অফিস উদ্বোধন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) দেশের একটি সুপরিচিত বেসরকারি উন্নয়ন সংস্থা (এনজিও)। সংস্থাটি সমাজের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। সম্প্রতি, বিজ তার কার্যক্রমের পরিধি আরও বিস্তৃত করেছে, যার অংশ হিসেবে গত তিন মাসে (এপ্রিল, মে, জুন) দেশের বিভিন্ন অঞ্চলে মোট ১২টি নতুন শাখা উদ্বোধন করা হয়েছে।

বিজ-এর নতুন শাখাগুলোতে মূলতঃ মাইক্রো ফাইন্যান্স কর্মসূচি পরিচালিত হবে, যা সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনে সহায়তা করবে। এই মাইক্রো ফাইন্যান্স কর্মসূচির মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হবে, যা দরিদ্র জনগোষ্ঠী তাদের ব্যবসা উদ্যোগ শুরু বা সম্প্রসারণের জন্য ব্যবহার করতে পারবে।

বিজ-এর এই নতুন শাখাগুলো উদ্বোধনের মূল লক্ষ্য হলো দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণের অর্থনৈতিক ক্ষমতায়ন। মাইক্রো ফাইন্যান্স কর্মসূচির মাধ্যমে বিজ দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে চায়। এছাড়া, এই কর্মসূচির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কাজ করা হবে।

নতুন শাখাগুলোর পরিচালনা ও কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া স্বাভাবিক। তবে, বিজ-এর কর্মীদের অভিজ্ঞতা ও দক্ষতা এই চ্যালেঞ্জগুলোকে সফলতার সাথে মোকাবিলা করতে সহায়তা করবে।

বিজ বিশ্বাস করে যে, নতুন শাখা সম্প্রসারনের এই উদ্যোগ দেশের আর্থসামাজিক উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নতুন শাখাগুলোর মাধ্যমে বিজ তার মাইক্রো ফাইন্যান্স কর্মসূচির পরিধি বাড়িয়ে দেশের দারিদ্র্য বিমোচন এবং অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে আরও কার্যকরীভাবে কাজ করবে। দেশের বিভিন্ন অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে সক্ষম হবে।

নতুন শাখা সমূহের নাম ও কোডঃ

| ক্রমিক নং | শাখা কোড | শাখার নাম |
|---|---|---|
| ০১ | ১০০২৯৭ | ঝাওডাঙ্গা ব্রাঞ্চ |
| ০২ | ১০০২৯৮ | কাঠগড়া বাজার ব্রাঞ্চ |
| ০৩ | ১০০২৯৯ | কলেজগেট (চেরাগ আলী) ব্রাঞ্চ |
| ০৪ | ১০০৩০০ | বক্সিরহাট ব্রাঞ্চ |
| ০৫ | ১০০৩০১ | কোচাশহর ব্রাঞ্চ |
| ০৬ | ১০০৩০২ | চান্দাইকোনা ব্রাঞ্চ |
| ০৭ | ১০০২৪৬ | মুন্সীগঞ্জ ব্রাঞ্চ |
| ০৮ | ১০০২৪৭ | টঙ্গীবাড়ী ব্রাঞ্চ |

# ধুনটে দুস্থদের মাঝে বিজ এর ঈদ সামগ্রী বিতরণ

বগুড়ার ধুনট উপজেলায় ঈদ উপলক্ষে ৭০টি দুস্থ পরিবারের মাঝে খাবার সামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)।

মঙ্গলবার (০২ জুলাই ২০২৪) সকালে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর ধুনট উপজেলা শাখা কার্যালয়ে এই খাবার সামগ্রী বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিজ সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় খাবার সামগ্রী বিতরণ উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধুনট উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আশিক খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল্লাহ আল কাফী এবং উপজেলা শিক্ষা কর্মকর্তা ফজলুর রহমান। উক্ত সভায় সভাপতিত্ব করেন শাহী মাছুমা আখতার, উপ-সহকারী পরিচালক, শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি, বিজ।

এই খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ধুনট পৌরসভার কাউন্সিলর আলী আজগর মান্নান, বিজ এর সাব জোনাল ম্যানেজার মনোয়ার হোসেন, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার মোহাম্মদ কামরুজ্জামান, ম্যানেজার আনোয়ার জাহিদ ও শাখা ম্যানেজার সোহেল রানা।

আলোচনা শেষে দুস্থ পরিবারের হাতে খাবার সামগ্রী তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশেষ অতিথিগণ। ঈদের আগে খাবার সামগ্রী পেয়ে অনেক খুশি দুস্থ পরিবারের সদস্যরা।






# বিজ এর উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস-২০২৪ উদযাপন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে নবাবগঞ্জ উপজেলার নয়নশ্রী ইউনিয়নে সমৃদ্ধি কর্মসুচির আওতায় গত ০৫ জুন ২০২৪ তারিখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বর্নাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

উক্ত র‍্যালি ও আলোচনায় বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য "করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা" কে সামনে রেখে পরিবেশ দিবস উদযাপনের তাৎপর্য তুলে ধরা হয়। আলোচনা শেষে পরিবেশ রক্ষায় বেশি বেশি গাছ লাগানোর বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য ৬০টি পরিবারের মধ্যে ফলদ গাছের চারা বিতরন করা হয়।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিজ এর এই আয়োজনের ভূয়সী প্রশংসা করেন আগত অতিথি ও ফলদ গাছের চারা নিতে আসা পরিবারের সদস্যগন।

নয়নশ্রী ইউনিয়ন পরিষদ হলরুমে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নয়নশ্রী ইউনিয়নের সমাজ সেবক জনাব মিজানুর রহমান মিজান ও ইউপি মহিলা সদস্য জনাব ছালমা আলম সহ বিজ এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ।









# পলাশবাড়ীতে বিজ এর উদ্যোগে ফলদ চারা ও সবজি বীজ বিতরণ




বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে গাইবান্ধা জেলার পলাশবাড়ী জোন অফিসের আওতায় গত ২৬ জুন বুধবার বিজ এর উপকারভোগীদের মাঝে ১২০০টি ফলদ বৃক্ষের চারা (আম ৬০০টি, মাল্টা ৪০০টি, লটকোন ২০০টি) এবং ৭০০ প্যাকেট গ্রীষ্মকালীন সবজি বীজ (মিষ্টিকুমড়া, চালকুমড়া, শসা, ঢেঁড়শ, পুঁইশাক, ও কলমিশাক) বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোছাঃ ফাতেমা কাওসার মিশু, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত বিজ এর শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচির উপ-সহকারী পরিচালক শাহী মাছুমা আখতার। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন পলাশবাড়ী জোনের সিনিয়র জোনাল ম্যানেজার মোঃ মিজানুর রহমান।

উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, কৃষি কর্মসূচির প্রোগ্রাম ম্যানেজার কৃষিবিদ মোঃ মোশারেফ হোসেন, প্রোগ্রাম সাপোর্ট অফিসার মাহামুদ হাসান, তপন কুমার সরকার, আব্দুল লতিফ, শিক্ষা কর্মসূচির ম্যানেজার মোঃ আনোয়ার জাহিদ, স্বাস্থ্য কর্মসূচির কমিউনিটি হেলথ অফিসার কামরুন্নাহার নেভী এবং বিজ মাইক্রোফাইন্যান্স কর্মসূচির সিনিয়র শাখা ব্যবস্থাপক মোঃ সোহেল রানা সহ পলাশবাড়ী শাখার অন্যান্য কর্মকর্তাগণ।



# বিজ এর কৈশোর কর্মসূচির আওতায় ফুটবল টুর্নামেন্ট



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে কৈশোর কর্মসূচির আওতায় ২৭শে জুন ২০২৪ তারিখে গোপালগঞ্জ সদর উপজেলার উলপুর ইউনিয়নে একটি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়। উক্ত টুর্নামেন্টে ইউনিয়নের সকল ওয়ার্ডের কিশোর ক্লাবের সদস্যরা অংশগ্রহণ করে।

খেলার ফাইনালে ৬নং ওয়ার্ড এবং ৭নং ওয়ার্ড মুখোমুখি হয়। উত্তেজনাপূর্ণ এই ম্যাচে ৬নং ওয়ার্ড ১-০ গোলের ব্যবধানে ৭নং ওয়ার্ডকে পরাজিত করে চ্যাম্পিয়নের শিরোপা অর্জন করে।

পরবর্তীতে বিজয়ী দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এই আয়োজনটি কিশোরদের মধ্যে খেলাধুলার প্রতি উৎসাহ বাড়াতে এবং তাদের শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।












# শান্তিগঞ্জে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত শিক্ষার্থী পরিবারের মাঝে বিজ এর খাদ্যসামগ্রী বিতরণ

সুনামগঞ্জের শান্তিগঞ্জ উপজেলায় ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বিজ শিক্ষা কর্মসূচির আওতাধীন শিক্ষার্থী পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)।

গত ৬ মে ২০২৪ (সোমবার) দুপুর ১২টায় উপজেলার পাগলা সরকারি মডেল হাইস্কুল এন্ড কলেজের সভা কক্ষে চন্দ্রপুর গ্রামের ১৫০জন শিক্ষার্থী পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল চাল, ডাল, তেল, আলু, পেঁয়াজ ও লবণ।
অনুষ্ঠানে সভাপতি করেন বিজ এর উপ-নির্বাহী পরিচালক মো. মজিবুর রহমান। শিবপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলমের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন শান্তিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সুকান্ত সাহা। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিজ এর উপ-সহকারী পরিচালক (শিক্ষা ও সামাজিক সুরক্ষা) শাহী মাছুমা আখতার, পাগলা সরকারি মডেল হাইস্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মো. আরব আলী, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ডের সদস্য মো. জফরুল হক, চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জালাল উদ্দিন মিন্টু ও বিজ'র প্রোগ্রাম অফিসার নিলু কান্ত পাল।

এসময় উপস্থিত ছিলেন বিজ এর সুনামগঞ্জ শাখার ব্যবস্থাপক নূর মোহাম্মদ, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (শিক্ষা ও সামাজিক সুরক্ষা) মো. কামরুজ্জামান, চুরখাই প্রসন্ন কুমার দে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাজীব দে, চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বিনতি সূত্রধর, ইনাতনগর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শেলী রানী তালুকদার, নোয়াগাঁও-২ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আছমা বেগম সহ বিজের সকল শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।




# বিজ কৈশোর কর্মসূচির আওতায় বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপন

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে কৈশোর কর্মসূচির আওতায় ৩১ মে ২০২৪ তারিখে গোপালগঞ্জ সদর উপজেলায় কিশোর-কিশোরী ও মেন্টরদের সমন্বয়ে বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে একটি র‍্যালি বের করা হয়, যা তামাক বিরোধী সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। র‍্যালি শেষে একটি আলোচনা সভার আয়োজন করা হয়, যেখানে তামাকের ক্ষতিকর প্রভাব এবং তামাকমুক্ত সমাজ গড়ার উপায় নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠান শেষে মেন্টরদের মধ্য থেকে তামাক বিরোধী সচেতনতামূলক লেখার ভিত্তিতে তিন জন মেন্টরকে পুরস্কার প্রদান করা হয়। এ কার্যক্রম তামাকমুক্ত জীবন গঠনে অংশগ্রহণকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে সহায়ক ভূমিকা পালন করে।








# গাজীপুরে বিজ এর উদ্যোগে ফলদ চারা ও সবজি বীজ বিতরণ




বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে গাজীপুর জেলার মির্জাপুর শাখা অফিসের আওতায় গত ২৫ জুন বিজ এর উপকারভোগীদের মাঝে ১২০০টি ফলদ বৃক্ষের চারা (আম-৬০০টি ও কাঁঠাল ৬০০টি) এবং ৭০০ প্যাকেট গ্রীষ্মকালীন সবজি বীজ (মিষ্টিকুমড়া, চালকুমড়া, শষা, ঢেঁড়শ, পুঁইশাক, ও কলমিশাক) বিতরণ করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর সদর উপজেলার উপজেলা কৃষি কর্মকর্তা মো. হাসিবুল হাসান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সংস্থার উপ-নির্বাহী পরিচালক মো. মজিবুর রহমান।

অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন গাজীপুর জোনের জোনাল ম্যানেজার মো. শাহাদৎ হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি কর্মসূচির প্রোগ্রাম সাপোর্ট অফিসার মো. রাসেল মিয়া, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের শাখা ব্যবস্থাপক মো. শহিদুল ইসলাম সহ অত্র শাখার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



# ইশরাত জাহান ঈশা ও মোঃ ফরিদ মিয়ার ঘুরে দাঁড়ানোর গল্প




রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার আজমপুর গ্রামটি পলাশবাড়ী বিজ অফিস থেকে ৪ কিমি উত্তরে অবস্থিত। উক্ত গ্রামের ইশরাত জাহান ঈশা, স্বামী- মোঃ ফরিদ মিয়া (বিদ্যুৎ) বিভিন্ন সংস্থা থেকে ঋণ গ্রহন করে খামারী ব্যবসা শুরু করেন, কিন্তু কারিগরি জ্ঞান না থাকার কারনে তার ব্যবসায় শুধু লোকসান হয়ে আসছিল এবং ঋণ গ্রস্থ হয়ে পড়েন। ফলে তার ৮ সদস্য বিশিষ্ট পরিবারের ব্যয়ভার বহন করা তাদের পক্ষে কষ্টকর হয়ে পড়ে। এমতাবস্থায় বিজ এর কৃষি কর্মসূচির প্রোগ্রাম সাপোর্ট অফিসার মোঃ আঃ লতিফ সমিতি অফিসের সদস্যদের সাথে কৃষি কর্মসূচি নিয়ে বিভিন্ন বিষয় আলোচনা করেন এবং ইশরাত জাহান ঈশা তার সমস্যা তুলে ধরেন এবং তার খামারের বাস্তব চিত্র তুলে ধরার জন্য তাদের খামার পরিদর্শনে নিয়ে যান।

প্রোগ্রাম সাপোর্ট অফিসার খামারটি পরিদর্শন করে তার স্বামী ফরিদ মিয়ার সাথে কথা বলেন এবং খামারের পরিচর্যা, রক্ষণাবেক্ষণ ও যত্ন নেয়ার পরামর্শ প্রদান করেন। তিনি পরামর্শ অনুযায়ী বিজ থেকে ঋণ নেন এবং ৬০০ টি লেয়ার মুরগী দিয়ে পুনরায় খামার শুরু করেন। সঠিক যত্ন, রক্ষণাবেক্ষণ এবং পরিচর্যার ফলে মুরগীর রোগ-বালাই কম হয় এবং সঠিক সময়ে ডিম দেওয়া শুরু করে। ডিমের দাম ভাল থাকায় সে অল্প সময়ের মধ্যে লাভের মুখ দেখেন এবং খামারটি বড় করার পরিকল্পনা করেন। বিজ কৃষি কর্মসূচির মাধ্যমে তাকে ৩টি ফ্যান এবং ১টি ওজন পরিমাপ করার মেশিন প্রদান করা হয়। দ্বিতীয় পর্যায়ে বিজ থেকে ঋণ নিয়ে ১০০০ মুরগী উত্তোলন করেন এবং ক্রমান্বয়ে তার লাভ বৃদ্ধি পেতে থাকে এবং খামার বড় করতে থাকেন। বর্তমানে তার খামারে ৭০০০ টি মুরগী আছে এবং প্রতিদিন প্রায় ৫৫০০টি মুরগী ডিম দিচ্ছে।

বর্তমানে তার মাসিক আয় প্রায় দুই লক্ষ টাকার বেশী। এলাকার লোকজন সহজেই তার খামার থেকে সুলভ মূল্যে ডিম পাচ্ছে এবং খামার তৈরীতে উৎসাহিত হচ্ছে। বিজ এর কৃষি কর্মসুচির সহযোগিতায় তার প্রতিষ্ঠানটি ঘুরে দাঁড়ানোর কারনে তিনি বিজের প্রতি গভীর কৃতজ্ঞতা ও সন্তুষ্টি প্রকাশ করেন।





# গোপালগঞ্জে বিজ এর কৈশোর কর্মসূচির আওতায় সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত







বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে কৈশোর কর্মসূচির আওতায় ০৭ জুন ২০২৪ তারিখে গোপালগঞ্জ সদর উপজেলার স্বর্ণকলি উচ্চ বিদ্যালয়ের হলরুমে ২২টি ইউনিয়নের বিজয়ী কিশোর-কিশোরীদের সমন্বয়ে উপজেলা ফাইনাল সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোপালগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি উপজেলা পরিসংখ্যান অফিসার জনাব উজ্জল বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: সাইফুল ইসলাম, উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গোপালগঞ্জ; জনাব মো: সেলিম তালুকদার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর উপজেলা।

অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন মো: মোস্তফা কামাল, সাব জোনাল ম্যানেজার, বিজ, গোপালগঞ্জ জোন; মো: শফিকুল ইসলাম, সিনিয়র শাখা ব্যবস্থাপক, গোপালগঞ্জ সদর; মো: আজিজুর রহমান, শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মকর্তা, গোপালগঞ্জ; সুইটি হালদার, অ্যাকাউন্টস অফিসার, গোপালগঞ্জ সদর; এবং মো: আ: হান্নান, সুপারভাইজার, শিক্ষা কর্মসূচি, গোপালগঞ্জ। বিজয়ী কিশোর-কিশোরীদের অভিভাবকরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিচারকের দায়িত্ব পালন করেন মো: আনিচুর রহমান, প্রধান শিক্ষক, আড়পাড়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়, এবং তরুণ কান্তি মজুমদার, প্রধান শিক্ষক, বাজুনিয়া টিটিডিবি উচ্চ বিদ্যালয়। অনুষ্ঠানের শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানের সার্বিক দায়িত্ব পালন করেন মো: মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ, গোপালগঞ্জ।

# নয়নশ্রীতে বিজ এর স্বাস্থ্য ক্যাম্পে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান

ঢাকা জেলার নবাবগঞ্জ উপজেলার নয়নশ্রী ইউনিয়নে গত ৬ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) কর্তৃক বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির আওতায় একটি স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়। নয়নশ্রী ইউনিয়ন পরিষদ হল রুম প্রাঙ্গণে আয়োজিত এই ক্যাম্পে মেডিসিন, গাইনীসহ অন্যান্য রোগের বিনামূল্যে চিকিৎসা ও পরামর্শ প্রদান করা হয়।

ক্যাম্পে প্রধান চিকিৎসক হিসেবে দায়িত্ব পালন করেন ডা. জান্নাতুল মৌরি, এম.বি.বি.এস (ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল) এবং সেন্টার ইনচার্জ, বাংলাদেশ উইমেন্স হেলথ, নারায়ণগঞ্জ। তার তত্ত্বাবধানে ক্যাম্পে আসা রোগীদের যথাযথ চিকিৎসা ও পরামর্শ প্রদান করা হয়। এ সময় বিজ এর কর্তব্যরত স্বাস্থ্যকর্মীও উপস্থিত ছিলেন।

উক্ত ক্যাম্পে মোট ১৬৯ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে ৯৬ জন নারী গাইনী সমস্যার জন্য চিকিৎসা গ্রহণ করেন, ৭০ জন রোগী মেডিসিন বিষয়ক পরামর্শ নেন এবং ১৮ জন জটিল রোগে আক্রান্ত রোগীকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় বিজ ২০১৪ সালের জুলাই মাস থেকে নয়নশ্রী ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

বিজ-এর এই উদ্যোগ এলাকার জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিনামূল্যে চিকিৎসা ও পরামর্শ প্রদানের মাধ্যমে এলাকার মানুষের স্বাস্থ্য সচেতনতা ও চিকিৎসা গ্রহণের প্রবণতা বৃদ্ধিতে এই স্বাস্থ্য ক্যাম্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।





# বিজ এর প্রশিক্ষণ চিত্র

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর ঢাকায় অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে গত এপ্রিল ২০২৪ হতে জুন ২০২৪ পর্যন্ত যে সকল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে তার একটি প্রতিবেদন প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ বিভাগ থেকে প্রকাশ করা হয়েছে।

সাব জোন পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ এবং বুনিয়াদী প্রশিক্ষণ নামের এই প্রশিক্ষণগুলোতে বিজ এর বিভিন্ন পদের (সাব জোনাল ম্যানেজার, ফিল্ড অফিসার) মোট ২০২ জন বিভিন্ন মেয়াদে অংশগ্রহন করেন।

নিম্নে প্রশিক্ষণ চিত্র তুলে ধরা হলোঃ

| ক্রমিক নং | কোর্স এর নাম | তারিখ | পদবী | সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | সাব জোন পরিচালনা ও ব্যবস্থাপনা | ১৭-০৪-২০২৪ হতে ১৮-০৪-২০২৪ | সাব-জোনাল ম্যানেজার | ৫১ |
| ০২ | বুনিয়াদী প্রশিক্ষণ | ২১-০৪-২০২৪ হতে ২৫-০৪-২০২৪ | ফিল্ড অফিসার | ৩৭ |
| ০৩ | বুনিয়াদী প্রশিক্ষণ | ০৫-০৫-২০২৪ হতে ০৯-০৫-২০২৪ | ফিল্ড অফিসার | ৩৯ |
| ০৪ | বুনিয়াদী প্রশিক্ষণ | ১২-০৫-২০২৪ হতে ১৬-০৫-২০২৪ | ফিল্ড অফিসার | ৩৫ |
| ০৫ | বুনিয়াদী প্রশিক্ষণ | ০২-০৬-২০২৪ হতে ০৫-০৬-২০২৪ | ফিল্ড অফিসার | ৪০ |
| মোট | | | | ২০২ |

বিজ–এর এই প্রশিক্ষণ কার্যক্রম প্রতিষ্ঠানটির মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এসব প্রশিক্ষণ কর্মীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের পেশাগত জীবনকে সমৃদ্ধ করতে সহায়তা করবে এবং প্রতিষ্ঠানটির সামগ্রিক কর্মক্ষমতা উন্নত করতে সহায়ক ভূমিকা পালন করবে।

# মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মকর্তার কাছ থেকে তথ্যসমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্যগাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

নির্বাহী সম্পাদক, মাঠচিত্র।
ইমেইলঃ researchdocumentation@beesbd.org
ফোনঃ +৮৮০২ ২২২২৬২৬৫৩, ২২২২৮৯৭৩২, ২২২২৮৯৭৩৩




**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**

বাড়ি # ৮/বি, রোড#২৯, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ.

টেলিফোন: +8802 222289732, +8802 222289733, +8802 226601535, +8802 226601536, +8802 226601537, +8802 226601538, +8802 226601539

ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com, ওয়েবসাইট: beesbd.org